# বড়মাপের প্রত্যাশা

## আপনার সন্তানের ভবিষ্যতের জন্য সহযোগী হওয়া

কে
১
২
৩
৪
৫
৬
৭
৮

NYC Department of Education
*Joel I. Klein, Chancellor*

# বড়মাপের স্কুলগুলো বড়মাপের প্রত্যাশা নিয়ে শুরু করে

প্রতিটি গ্রেডে প্রতিটি শিক্ষার্থীর কী জানা উচিত এবং কী করতে সমর্থ হতে হবে, শিক্ষার মান তার মূলসূত্র বর্ণনা করে। সব ছেলেমেয়ে পরের গ্রেডে উত্তীর্ণ হওয়ার এবং, পরবর্তীতে, কলেজে সফলতালাভের, জীবিকা-অর্জনের এবং নিজেদের কম্যুনিটির একজন সৃষ্টিশীল সদস্য হওয়ার জন্য প্রস্তুত রয়েছে, এসব মান সেই বিষয়গুলোই নিশ্চিত করে থাকে। ছেলেমেয়েদের উচিত নিজেদের মাঝে লেখাপড়ার প্রতি ভালোবাসা তৈরি করা, যে-ভালোবাসা বর্তমান বিশ্বে, যেখানে গুরত্বপূর্ণ তথ্য দ্রুত পরিবর্তিত হয় ও বৃদ্ধি পায়, তাদের প্রয়োজনে আসবে।

প্রতিযোগিতাপূর্ণ বিশ্ব অর্থনীতিতে কাজ সন্ধান করার এবং দ্রুত পরিবর্তনশীল বিশ্বে কার্যকর হওয়ার জন্য আমাদের ছেলেমেয়েদের অতীতের যেকোন সময়ের চেয়ে বেশি জানতে হবে। যেসব স্নাতক চারবছরের কলেজে ভর্তি হতে চায় এটি তাদের ক্ষেত্রে সত্যি; এটি একইভাবে সত্যি সেসব শিক্ষার্থীর জন্যও যারা হাই স্কুল থেকে বেরিয়েই পেশাজীবন শুরু করতে চায়।

নিউ ইয়র্ক স্টেটের যেসব মানদণ্ড আমরা ব্যবহার করে থাকি সেগুলো আমাদের শিক্ষার্থীদের একটি কঠোর পাঠক্রম প্রদান করে। এর উদ্দেশ্য শিক্ষার্থীদের আধুনিক বিশ্বের চ্যালেঞ্জ মোকাবেলা করার উপযোগী সৃজনশীলতা, সূক্ষ্ম চিন্তনের দক্ষতা ও সমস্যাসমাধানের সামর্থ্য-লাভ নিশ্চিত করা। তবে এসব মান একটি প্রারম্ভিক বিন্দুমাত্র, লক্ষ্য নয়। জ্ঞানের একটি সুদৃঢ় ভিত্তি লাভ করে এবং সেই ভিত্তির উপর প্রতিষ্ঠিত হয়ে আমাদের শিক্ষার্থীরা তাদের শিক্ষার সর্বাধিক সুফল অর্জন করবে।

***এখানে আপনারা পঞ্চম গ্রেডের শিক্ষার্থীদের স্কুলবছরের শেষে ভাষা শৈলী, অঙ্ক, সমাজপাঠ, এবং বিজ্ঞানে কী জানা থাকা উচিত এবং কী করতে সমর্থ হতে হবে তার উদাহরণ পাবেন। পরিবার হিসাবে শিক্ষাক্ষেত্রে আপনি বাড়িতে, নিজের এলাকায় এবং আমাদের এই চমৎকার সিটির সর্বত্র কোন ধরনের সহায়তা দিতে পারেন সেকথাও আপনি জানবেন।***

এই নির্দেশিকা চতুর্থ গ্রেডে অনুসৃত মাপকাঠির ক্ষুদ্র একটি নমুনামাত্র উপস্থাপিত করে। বাকি আদর্শগুলোর খবর কী? সে ১ম গ্রেড বা তার পরে কী শিখবে? এই প্রশ্নগুলোর সবকটির উত্তরই আপনি পাবেন আপনার সন্তানের শিক্ষকের কাছে অথবা আমাদের www.nyc.gov/schools/languages/bengali/academics ওয়েবসাইটে।

## অধ্যয়নের সুঅভ্যাস

অধ্যয়নের সুঅভ্যাস গড়ে তোলায় আপনার সন্তানকে সাহায্য করার জন্য:

- ❑ হোমওয়ার্ক করার জন্য বাড়িতে একটি নিরিবিলি জায়গা ঠিক করুন যেখানে কলম, পেন্সিল, কাগজ, কাঁচি ও টেপের মত সাধারণ জিনিসগুলো হাতের নাগালের মধ্যেই থাকবে।
- ❑ তাদেরকে রোজ দায়িত্বপ্রাপ্ত কাজগুলোর কথা লিখে রাখতে ও সুবিন্যস্ত করতে বলুন। নিজেদের সময় কীভাবে ব্যবহার করতে ও দীর্ঘমেয়াদি লক্ষ্যের উদ্দেশে কাজ করতে হয় ওদের তা জানা প্রয়োজন।
- ❑ সবচেয়ে কঠিন কাজটি সবার আগে, শেষে নয়, করতে তাদের উৎসাহিত করুন।
- ❑ দায়িত্বপ্রাপ্ত কাজগুলো ঠিকসময়ে সম্পন্ন হয়েছে কিনা খোঁজ নিন। যথার্থ উত্তর পেয়েছে কিনা সে-বিষয়টির চেয়েও বেশি গুরুত্ব দিন তারা কী ভাবে কাজ সম্পন্ন করছে সেই প্রক্রিয়াটির উপর।

অন্যান্য চিন্তা-চেতনার জন্য, দেখুন www.nyc.gov/schools/languages/bengali/academics.

## প্রতিবন্ধী শিক্ষার্থী

শিক্ষার্থীর ব্যক্তিক শিক্ষা কর্মসূচি (আইইপি)-তে যদি সুনির্দিষ্টভাবে কোনকিছু উল্লিখিত না থাকে, প্রতিবন্ধী শিক্ষার্থীরা সাধারণ শিক্ষার পাঠক্রমে অংশ নেবে। এই পাঠক্রম ভিন্ন ভিন্ন নির্দেশনা-স্তর ও কাঠামো (যেমন সহযোগিতামূলক দলগত শিক্ষকতার ক্লাস বা স্ব-নিয়ন্ত্রিত বিশেষ শিক্ষার ক্লাস) অনুযায়ী অভিযোজিত করা যেতে পারে। মান পূরণে প্রতিবন্ধী শিক্ষার্থীদের সহায়তাদানে অভিযোজনার মধ্যে থাকতে পারে নির্দেশনা সহায়তা যেমন ক্যালকুলেটর ও ভিজুয়াল এইডস, নতুন দক্ষতা শেখার জন্য বাড়তি সময় দেয়া, এবং অর্পিত দায়িত্বের দৈর্ঘ্য হ্রাস।

# আপনার সন্তানের শিক্ষককে জিজ্ঞাসা করুন

আপনার সন্তান স্কুলে কী শিখছে এবং আপনি বাড়িতে কীভাবে এই শিক্ষাকে সহায়তা করতে পারেন, শিক্ষার মান আপনাকে সে সম্পর্কে শিক্ষকদের সাথে কথা বলার বিরাট সুযোগ এনে দেয়। আপনি যেসব প্রশ্ন করতে পারেন এখানে তার কিছু নমুনা এখানে দেয়া হল।

### *মান সম্পর্কে আরও জানার জন্য:*

- ❑ শিক্ষার্থীর এমন কিছু কাজের নমুনা আপনি কি আমাকে দেখাতে পারেন যেগুলো এই মান পূরণ করেছে ?
- ❑ এই মান সম্পর্কিত আমার সন্তানের কিছু কাজ কি আমি দেখতে পারি?
- ❑ স্কুলবছরের কোন সময়ে আমার সন্তান এই মান অর্জনের লক্ষ্যে কাজ করবে?
- ❑ আমার সন্তানকে এই মান পূরণে বা অতিক্রমে সাহায্য করার জন্য আপনারা স্কুলে কী কী কার্যক্রম বা উপকরণ ব্যবহার করছেন? কী কী ক্লাসওয়ার্ক এবং হোমওয়ার্ক দেবেন বলে আপনি আশা করেন?
- ❑ আমার সন্তানকে মান অর্জনে সাহায্য করার জন্য কী কী অনুশীলন আছে যা আমি আমার সন্তানের সঙ্গে করতে পারি?
- ❑ এই নির্দেশিকায় বর্ণিত মানের বাইরে এই বছর আমার সন্তান আরও কী শিখবে বলে প্রত্যাশা করা হয়?

### *আপনার সন্তান স্কুলে কেমন করছে তা জানার জন্য:*

- ❑ আমার সন্তান কোন্ কোন বিষয়ে গ্রেড স্তরে কাজ করছে? সে উন্নতি করতে পারে এমন ক্ষেত্র আছে কি?
- ❑ আমার সন্তান কি গ্রেড স্তরে পড়ছে? আমার সন্তান পড়তে পারে এমন কিছু বই কি আপনি আমাকে দেখাতে পারেন?
- ❑ প্রতিদিন প্রতিটি বিষয়ে আমার সন্তান কতটুকু সময় ব্যয় করে?
- ❑ এই বিষয়গুলোতে আমার সন্তানকে বর্ষব্যাপী আপনি কীভাবে মূল্যায়ন করেন?

### *আপনার সন্তানকে কীভাবে সহায়তা দিতে হবে তা জানার জন্য:*

- ❑ আমার সন্তান কেমন করছে, তা হালনাগাদ জানার জন্য প্রতিবেদনপত্র ব্যতীত আর কী কী সেরা পথ রয়েছে?
- ❑ আপনার সন্তান যদি গ্রেডস্তর অর্জন না করে থাকে: আমার সন্তানের জন্য স্কুল কী ধরনের সহায়তা দিতে সমর্থ? আমার সন্তান যেন স্কুলে আরও ভালো করে তার জন্য সহায়তা দিতে বাড়িতে আমি কী করতে পারি?
- ❑ আপনার সন্তান যদি গ্রেডস্তর বা তার চেয়ে উপরে অবস্থান করে: আমার সন্তানের জন্য আপনি কী ধরনের অতিরিক্ত মানোন্নয়ন এবং সহায়তার পরামর্শ দেন? বাড়িতে আমি কীভাবে সহায়তা করতে পারি?

5

# ভাষা শৈলী

## *স্কুলবছরের শেষে, সকল শিক্ষার্থী সমর্থ হবে:*

- লিখিত পাঠ্যাংশ, যেমন খবরের কাগজের লেখা বা বইয়ের একটি পাতা দ্রুত দেখে নিয়ে কী বলা হয়েছে তার একটি সাধারণ ধারণা নেবে অথবা একটি নির্দিষ্ট জিনিস খুঁজে বের করবে।
- প্রাসঙ্গিক তথ্য (যেমন, লেখায় আছে এরকম একটি ধারণাকে সমর্থন দেয় এমন তথ্য) এবং অপ্রাসঙ্গিক তথ্যের মধ্যে পার্থক্য বুঝবে।
- যে-সকল তথ্য তারা পড়ে সেগুলি বুঝতে বা অভিমত গঠনে তারা তারা তাদের অধীত জ্ঞান ব্যবহার করবে।
- যতিচিহ্ন, বড়হাতের অক্ষরের লেখা এবং বানানের নিয়ম বুঝবে এবং ব্যবহার করবে।
- ভালো লেখকেরা যেসব দক্ষতা ব্যবহার করে থাকেন , যেমন শব্দচয়ন, চিন্তাভাবনার বিন্যস্তকরণ এবং পরোক্ষ উপমা ও অন্যান্য বিবরণমূলক কলাকৌশল, সেগুলো সম্পর্কে জানবে ও ব্যবহার করবে।
- কোনো লেখার ধারণা এবং ভাব প্রকাশ করার জন্য কণ্ঠস্বর, গতি ও গুরুত্ব ব্যবহার করে উঁচু স্বরে বিভিন্ন ধরনের লেখা পড়বে, যেমন বই, নাটক, কবিতা।
- লেখা থেকে নেয়া তথ্যের ভিত্তিতে অনুমান করবে এবং উপসংহার টানবে।
- বিভিন্ন ধরনের শ্রোতার উদ্দেশে কথা বলার সময়ে ভাব বিনিময় করার ভাষা, ব্যাকরণ এবং যথাযথ শব্দ ব্যবহার করবে।
- লেখার সময়ে কাঠামো বিন্যাসের জন্য নানা ধরনের পদ্ধতি ব্যবহার করবে (যেমন, ক্রমানুক্রম, কার্যকারণ, মিল/অমিল)।
- বিভিন্ন উৎস থেকে উপাত্ত, ফটনা ও আইডিয়া সংগ্রহ ও ব্যাখ্য করার জন্য পড়বে, এবং কোন একটি বিষয়ের উপর কাজ করার সময়ে এধরনের তথ্যের তুলনামূলক আলোচনা করবে।

## *বাড়িতে শেখা*

মাতৃভাষায় এবং এমনকি ইংরেজিতেও পরবর্তী এই কৌশলগুলি নেয়া যেতে পারে।

***আপনার সন্তানকে নাটকে নিয়ে যান এবং শব্দগুলোকে জীবন্ত হয়ে উঠতে দেখুন।*** নিউ ইয়র্কে দুই ডজনের বেশি থিয়েটার কোম্পানি আছে যেগুলি সকল বয়সের ছেলেমেয়েদের জন্য এবং ছেলেমেয়েদের প্রত্যক্ষ অনুষ্ঠান দেখায়। www.nytheatre.com.-এ গিয়ে দেখে নিন, কী চলছে। হোম পেজ থেকে ক্লিক করুন "For Kids & Families."

আপনাকে ও পরিবারের অন্যান্য সদস্যকে জানানোর জন্য ***আপনার সন্তানকে তার রচিত মৌলিক লেখা, কবিতা ও ছোটগল্প জোরে জোরে পড়তে বলুন।***

***আপনি কী পড়ছেন তা নিয়ে আপনার সন্তানের সঙ্গে কথা বলুন*** এবং বইয়ের ধারণাগুলো নিয়ে আলোচনা করুন।

***আপনার সন্তানকে বিভিন্ন ধরনের নতুন নতুন বই ঘেঁটে দেখতে উৎসাহিত করুন,*** যেমন কবিতা বা নাটক। শুরু করার জন্য নিউ ইয়র্ক লাইব্রেরির সুপারিশকৃত পাঠের ওয়েব পোর্টাল kids.nypl.org/reading/recommended.cfm একটি চমৎকার জায়গা।

# অঙ্ক

## বাড়িতে শেখা

*কুইন্সের নিউ ইয়র্ক হল অব মিউজিয়মে ম্যাথমেটিকা: এ ওয়ার্ল্ড অব নাম্বার্স ইনারঅ্যাকটিভ,* www.nyscience.org, *প্রদর্শনী পরিদর্শন করুন।*

*আপনার সন্তানের সাথে ১০০ পেনি সংগ্রহ করুন* এবং প্রতিটি পেনি যে এক ডলারের এক শতাংশ এটা তাকে বুঝিয়ে বলুন। এবার আপনার সন্তানকে অন্যান্য শতাংশ বের করার জন্য মুদ্রা যোগ এবং বিয়োগ করতে বলুন।

*বিভিন্ন ডিপার্টমেন্ট স্টোরের বিক্রয় বিজ্ঞাপন সংগ্রহ করুন।* সবচেয়ে বেশি ডিসকাউন্টের সুযোগ দিচ্ছে কোন স্টোরটি? একটি বিক্রয়-দাম ভালো মূল্য বহন করে কি-না, তা আর কী কী বিষয় দিয়ে নির্ধারিত হয় তা বলুন।

*পিবিএস সিরিজের সাইবারচেজ ওয়েব সাইট* pbskids.org/cyberchase *দেখে নিন।* এখানে ছেলেমেয়েদের গণিতে ব্যস্ত রাখার জন্য রহস্য, কৌতুক, এবং অ্যাকশন ব্যবহৃত হয়। ছেলেমেয়েদের গণিত এবং বিজ্ঞান শিক্ষায় পরিবার সদস্যদের সহায়তা দেয়ার জন্য এই সাইটে নির্দেশনাও আছে।

## স্কুলবছরের শেষে, সকল শিক্ষার্থী সমর্থ হবে:

- দুই-অঙ্ক এবং তিন-অঙ্ক বিশিষ্ট সংখ্যা পূরণ এবং ভাগ করবে।
- এক মিলিয়ন (১,০০০,০০০) পর্যন্ত সংখ্যা পড়বে ও লিখবে।
- সংখ্যার উৎপাদক বের করবে। উৎপাদক হচ্ছে সেসব সংখ্যা, যেগুলো গুণ করলে যে-উত্তর পাওয়া যায় তাকে গুণফল বলে। যেমন ১৫-এর উৎপাদক হচ্ছে ৩ এবং ৫।
- শতকরা মূলত ১০০ এর অংশ। যেমন, শতকরা ২০ এর অর্থ ১০০ এর ২০টি অংশ একথা বুঝবে। শতকরাকে ভগ্নাংশ হিসাবে (শতকরা ৫০ অর্থ $^{১}/_{২}$) এবং দশমিক হিসাবে (শতকরা ২০ অর্থ ০.২০) লিখবে।
- ভগ্নাংশকে তাদের ক্ষুদ্রতম রূপে সহজবোধ্য করবে- যেমন, $^{২০}/_{১০০}$ হবে $^{১}/_{৫}$।
- চতুর্ভূজকে (চারটি বাহুবিশিষ্ট জ্যামিতিক আকার) তাদের কোণের এবং বাহুর বৈশিষ্ট্যর ভিত্তিতে শ্রেণিবিভাগ করবে। উদাহরণত, চারটি ৯০ ডিগ্রীকোণ, সমবাহু সম্বলিত চতুর্ভূজ হচ্ছে একটি বর্গ।
- একটি রুলার ব্যবহার করে, নিকটতম ইঞ্চি, $^{১}/_{২}$ ইঞ্চি, $^{১}/_{৪}$ ইঞ্চি এবং $^{১}/_{৮}$ ইঞ্চি, এবং নিকটতম সেন্টিমিটারে মাপ গ্রহণ করবে।
- বীজগণিতের প্রকাশরীতি বুঝবে। যেমন, ২x হচ্ছে "একটি পরিমাণের দ্বিগুণ"-কে বীজগণিতের রীতিতে প্রকাশ করা, এবং ৪a + ৩b হচ্ছে "একটি পরিমাণের চারগুণ যোগ অপর একটি পরিমাণের তিনগুণ"-কে অ্যালজেবরার রীতি প্রকাশ করা।
- এক-ঘটনা সংক্রান্ত পরীক্ষার সম্ভাব্য সকল ফলাফলের তালিকা করবে। যেমন, একটি মুদ্রা 'টস' করলে যত ধরনের ফল সম্ভব তার তালিকা করবে।
- বিশ্বের বাস্তব পরিস্থিতিতে অঙ্কের প্রাথমিক দক্ষতা প্রয়োগ করবে। যেমন, শতকরা ২০ ভাগ রেয়াতের অর্থ হচ্ছে প্রতিটি ডলারে ২০ সেন্ট সঞ্চয় করা।

# বিজ্ঞান

পঞ্চম গ্রেডের বিজ্ঞানে বৈজ্ঞানিক অনুসন্ধান, ভূ-বিজ্ঞান, খাদ্য এবং পুষ্টি এবং ইকোসিস্টেমের উপর অনুসন্ধান চালায়।

## স্কুলবছরের শেষে, সকল শিক্ষার্থী সমর্থ হবে:

- পর্যবেক্ষণ এবং উপাত্ত সংগ্রহ করার মত বৈজ্ঞানিক অনুসন্ধানের মাধ্যমে উত্তর খুঁজে পাওয়া যায়, এমন সকল প্রশ্ন চিহ্নিত করবে। প্রশ্নের উত্তরের জন্য বৈজ্ঞানিক অনুসন্ধান প্রণয়ন এবং পরিচালনা করবে।
- বৈজ্ঞানিক অনুসন্ধানে অঙ্ক ব্যবহার করবে, যেমন কোনো একটি নির্দিষ্ট ফললাভ সম্ভব কিনা সে-সম্পর্কে পূর্বাভাস দেয়া।
- শিলা এবং খনিজের মধ্যে পার্থক্য নির্দেশ করতে পারবে।
- শিলা এবং মৃত্তিকা কীভাবে গঠিত হয় তা অনুসন্ধান, লিপিবদ্ধ এবং ব্যাখ্যা করবে।
- ঘটনা চিহ্নিত করবে, যেমন ভূমিকম্প এবং অগ্নেয়গিরির উদগীরণ যা ভূপৃষ্ঠের নড়া-চড়ার কারণ।
- ভূ-আকৃতির মডেল পরিকল্পনা এবং নির্মাণ করবে।
- সুস্বাস্থ্য গড়ে তোলার ক্ষেত্রে যেসব অভ্যাস অবদান রাখে সেগুলো সম্পর্কে জানবে। এসব অভ্যাসের মধ্যে রয়েছে ক্ষতিকর দ্রব্য পরিহার, যেমন অ্যালকোহল ও তামাক, পুষ্টিকর খাদ্যগ্রহণ ও নিয়মিত ব্যায়াম করা।
- নিজেদের বিকাশ ও মেরামতে সপ্রাণ বস্তুর যে-শক্তি ও সামগ্রী প্রয়োজন হয়, খাদ্যই সেগুলো সরবরাহ করে।
- বনাঞ্চলের ইকোসিস্টেমের অংশের জিনিসগুলি পর্যবেক্ষণ, চিহ্নিত এবং লিপিবদ্ধ করবে; যেমন,গাছ, ঘাস জাতীয় উদ্ভিদ, মৃত্তিকা, মৃত্তিকার প্রাণীসত্তা (যেমন, পোকামাকড়, কীটপতঙ্গ, এবং ক্ষুদ্র স্তন্যপায়ী, অক্সিজেন, কার্বন ডাই অক্সাইড এবং সূর্যের আলো।)
- অন্যান্য প্রাণীসত্তার উপর উপকারী বা ক্ষতিকর প্রভাব ফেলে আসছে, মানুষের এমন সকল কর্মকাণ্ডের উদাহরণ চিহ্নিত করবে।

## বাড়িতে শেখা

***আপনার সন্তানের সাথে, এমন একটি পরিবর্তনের সিদ্ধান্ত নিন,*** যা আপনার পরিবারকে বেশি স্বাস্থ্যবান হতে সহায়তা করবে; যেমন, আরও বেশি করে ব্যায়াম-করা। আপনার সন্তানকে বই থেকে বা ওয়েবে নির্ভরযোগ্য সূত্র খুঁজতে বলুন, এবং এই পরিবর্তন আনার জন্য আপনার পরিবার কী করতে পারে তা আলোচনা করুন।

আমেরিকান জিওলজিক্যাল ইনস্টিটিউট কর্তৃক স্পন্সরকৃত বাৎসরিক ***আর্থ সায়েন্স উইক-এ অংশগ্রহণ করার জন্য আপনার সন্তানকে উৎসাহিত করুন।*** স্থানীয় এবং জাতীয় পর্যায়ের কার্যক্রম, তথ্য এবং সহায়তা উপকরণ পাওয়া যায় এখানে www.earthsciweek.org.

সময়ের বিবর্তনে আমাদের সিটি ও স্টেটের প্রাকৃতিক ভূদৃশ্য কীভাবে বিবর্তিত হয় তা জানতে ***পরিবারের সবাইকে নিয়ে*** আপার ওয়েস্ট সাইডে আমেরিকান মিউজিয়াম অব ন্যাচারাল হিস্ট্রির ***নিউ ইয়র্ক স্টেট এনভায়রনমেন্ট হল*** পরিদর্শন করুন। নিউ ইয়র্ক এবং অন্যান্য স্থানের শিলার উপর অনলাইনে তথ্য পাওয়ার জন্য দেখুন www.amnh.org/ology/earth এবং “If Rocks Could Talk” এ ক্লিক করুন।

## বাড়িতে শেখা

*“অন-লায়ন” ফর কিডস্,* kids.nypl.org/holidays/index.cfm/cfm নিউ ইয়র্ক পাবলিক লাইব্রেরির সিটি, পশ্চিম গোলার্ধ, এবং বিশ্বের বিভিন্ন দেশের ছুটি ও উৎসব সম্পর্কিত একটি পোর্টাল। এই সাইটে জন্মদিন বা হানাকার মত ব্যক্তিগত অনুষ্ঠানের পাশাপাশি আনুষ্ঠানিক স্মৃতিতর্পণ অনুষ্ঠান, যেমন আফ্রিকান-আমেরিকান ইতিহাস মাস, এশিয়া-প্যাসিফিক আমেরিকান ইতিহাস, এবং হিস্প্যানিক উত্তারাধিকার এগুলো সম্পর্কিত তথ্যের সন্ধান দেয়।

*আপনার সন্তানকে প্রতি সপ্তাহে সংবাদপত্র বা টিভি সম্প্রচার থেকে একটি গুরুত্বপূর্ণ বর্তমান ঘটনা বেছে নিতে সহায়তা করুন।* মানুষ এই ঘটনাটি সম্পর্কে এক বছর পর কী বলতে পারে, ১০ বছর কী বলতে পারে বা এখন থেকে ১০০ বছর পর কী বলতে পারে, তা নিয়ে কথা বলুন।

নিউ ইয়র্ক সিটির জর্জ গুস্তাভ হেয়ে সেন্টার, যেটি স্মিথসোনিয়ান ইনস্টিটিউশনের ন্যাশনাল মিউজিয়াম অব দি আমেরিকান ইন্ডিয়ান -এর একটি অংশ, সেখানে গিয়ে *আপনার সন্তানের সাথে* পশ্চিম গোলার্ধের *আদিবাসী আমেরিকানদের ইতিহাস এবং সংস্কৃতি সম্পর্কে গবেষণা করুন।* তথ্যের জন্য www.nmai.si.edu তে গিয়ে ক্লিক করুন “Visitor Information,” তারপর “NMAI in New York.”

# সমাজপাঠ

পঞ্চম গ্রেডের সমাজপাঠে শিক্ষার্থীরা পশ্চিম গোলার্ধের জাতিসমূহের উপর অনুসন্ধান চালাবে। এগুলোর মধ্যে যুক্তরাষ্ট্র, কানাডা এবং ল্যাতিন আমেরিকার বিভিন্ন জাতিও রয়েছে।

## স্কুলবছরের শেষে, সকল শিক্ষার্থী সমর্থ হবে:

- তথ্যের প্রাথমিক সূত্র চিনবে এবং বিশেষণ করতে পারবে, যেমন মূল চিঠি, ডায়েরি, এবং অন্যান্য দলিলপত্র।
- পশ্চিম গোলার্ধ সম্পর্কে মানচিত্র, গ্রাফ, চার্ট এবং অন্যান্য দৃশ্যমান সহায়ক থেকে তথ্য ব্যাখ্যা করতে পারবে।
- যে-বিষয়টি নিয়ে অধ্যয়ন করা হচ্ছে তার কোন খুঁটি নাটি বিষয়গুলো গুরুত্বপূর্ণ এবং কোনগুলো গুরুত্বপূর্ণ নয় তা নির্ধারণ করতে পারবে।
- পশ্চিম গোলার্ধের ইতিহাসের জন্য গুরুত্বপূর্ণ ঘটনাবলি দেখানো এবং তুলনা করার জন্য সময়রেখা তৈরি করবে- যেমন, মেক্সিকোতে অ্যাজটেক সভ্যতার উত্থান এবং পতন, এবং স্পেন থেকে অভিযাত্রীদের আগমন।
- কোন ঐতিহাসিক ব্যক্তি বা ঘটনা নিয়ে গবেষণা করার জন্য প্রাথমিক উৎস ব্যবহার করবে, যেমন চিঠি বা অন্যান্য মূল দলিল। গবেষণার ভিত্তিতে একটি উপস্থাপনা প্রস্তুত করে, উপস্থাপন করবে।
- কানাডা বা মধ্য আমেরিকার দৃষ্টিকোণ থেকে একটি ঐতিহাসিক ঘটনা মৌখিকভাবে উপস্থাপন করবে। যেমন, কানাডার নাগরিকরা ইংল্যান্ড থেকে তেরোটি উপনিবেশের স্বাধীনতার ঘোষণাকে কেমন দৃষ্টিতে দেখেছিল?
- মানচিত্র, গোব, এবং অ্যাটলাস ব্যবহার করে পশ্চিম গোলার্ধের গুরুত্বপূর্ণ ভৌগলিক বৈশিষ্ট্যের অবস্থান খুঁজে নেবে যেমন, মহাদেশ, নদী, এবং পর্বতমালা।
- পশ্চিম গোলার্ধের জনগণ কীভাবে তাদের মৌলিক প্রয়োজন এবং চাহিদা, যেমন আশ্রয়, খাদ্য এবং পোশাক, এগুলো পূরণ করে সেগুলো দেখিয়ে একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপনা তৈরি করবে।
- যুক্তরাষ্ট্রে কীভাবে আইন প্রণীত হয় তা দেখিয়ে একটি ফ্লো-চার্ট তৈরি করবে।

# আরও অপরিহার্য জ্ঞান এবং দক্ষতা

আমাদের পঞ্চম গ্রেডের শিক্ষার্থীরা পড়া, লেখা, অঙ্ক করা এবং বিজ্ঞান ও সমাজপাঠের মূল ধারণাগুলো বুঝতে পারার বাইরেও আরও অনেক বেশি শিখছে।

- শিল্পকলা: পঞ্চম গ্রেডের শিক্ষার্থীরা দৃশ্যকলা, নৃত্য ,সঙ্গীত এবং থিয়েটারে অংশগ্রহণ করে। প্রতিটি শিল্প রীতিতে নিজেদের দক্ষতা উন্নত করার পাশাপাশি তারাকীভাবে যথাযথ শব্দ ও বিশ্লেষণের দক্ষতা ব্যবহার করে শিল্প সম্পর্কিত আলোচনা করতে হয় তা শেখে। নিজেদের শিক্ষাকে তারা ঐতিহাসিক, সাংস্কৃতিক, অর্থনৈতিক, এবং অন্যান্য যেসব বিষয় শিল্পকলাকে প্রভাবিত করে সেগুলোর সাথে সংযোগ ঘটায়, এবং নিউ ইয়র্ক সিটির বৈচিত্র্যপূর্ণ এবং সমৃদ্ধ শিল্পকলা সহায়সঙ্গতির অন্বেষণ করে। আরও বিশদ জানতে দেখুন www.nyc.gov/schools/languages/bengali/academics.
- শারীরিক পটুতা ও স্বাস্থ্য: শিক্ষার্থীরা নিজেদের স্বাস্থ্য এবং কল্যাণ, নিজেদের পরিবার এবং বন্ধুদের স্বাস্থ্য, স্কুল এবং কম্যুনিটির স্বাস্থ্যের ক্রমউন্নতি অব্যাহত রাখে। যেমন, স্বাস্থ্যগত আচরণের উপর পরিবার, সহপাঠী এবং মিডিয়ার প্রভাব কীভাবে বিশেষণ করতে হয়, এবং কীভাবে স্বাস্থ্যকর আচরণ অনুশীলন করতে ও ক্ষতিকারক আচরণ বর্জন করতে হয়, যেমন ধূমপান এবং ড্রাগস্, শিক্ষার্থীরা সকল পাঠ্য বিষয়ের আওতায় এগুলো শেখে। আরও বিশদ জানতে দেখুন www.nyc.gov/schools/languages/bengali/academics.
- লাইব্রেরি এবং গবেষণা: বছরের শেষদিকে পঞ্চম গ্রেডের শিক্ষার্থীরা পটভূমিকার তথ্য জড় করার জন্য উৎস ব্যবহার করতে পারবে; গবেষণার জন্য ভালো ভালো প্রশ্ন লিখবে; প্রিন্ট, ইলেকট্রনিক এবং মানব সম্পদ ব্যবহার করে তথ্য খুঁজে নেবে; বিভিন্ন উপায়ে নোট নেবে (যেমন, লিখিত এবং ইলেকট্রনিক); অভিমত গড়বে এবং প্রমাণসহকারে তা সমর্থন করবে; অন্যদের মতামতের ভিত্তিতে নিজেদের কাজ সংশোধন করবে; গল্পের থিম সম্পর্কে নিজস্ব মতামত দেবে; এবং ইন্টারনেট ব্যবহার করার সময় সুরক্ষা পদ্ধতি অনুসরণ করবে। আরও বিশদ জানতে দেখুন www.nyc.gov/schools/languages/bengali/academics.
- প্রযুক্তি: পঞ্চম গ্রেডের শিক্ষার্থীরা প্রযুক্তি ও তথ্যের দায়িত্বশীল ব্যবহার সম্পর্কিত মৌলিক বিষয়গুলি আলোচনা করার পাশাপাশি কম্পিউটার ব্যবহারের গ্রহণযোগ্য ও অগ্রহণযোগ্য দৃশ্যপটের বিবরণ চিহ্নিত করতে এবং অগ্রহণযোগ্য ব্যবহার হেতু নিজেদের কী পরিণাম হতে পারে তার বর্ণনা দেবে। শিক্ষার্থীরা ডকুমেন্টে ও স্প্রেড শিটে, উপস্থাপনায় এবং অন্যান্য সৃজনশীল কাজে ছবি, ইমেজ এবং চার্ট আমদানি ও ব্যবহার করার পদ্ধতি জানবে। শিক্ষার্থীরা ক্লাসরুমের ভেতরে এবং বাইরে, অন্যান্য শিক্ষার্থী যারা একই ধরনের পাঠক্রম সংক্রান্ত বিষয় অধ্যয়ন করছে, তাদের সাথে সহযোগিতামূলক প্রকল্পের জন্য যোগাযোগের মাধ্যম (যেমন, ই-মেল, অন-লাইন আলোচনা এবং ওয়েব পরিবেশ) এবং অন-লাইন সহায়তা উপকরণ ব্যবহার করবে। আরও বিশদ জানতে দেখুন www.nyc.gov/schools/languages/bengali/academics.

## আরও জানুন

এই নির্দেশিকা আপনার সন্তান এই বছর যেসব আদর্শ মান শিখবে সেগুলো সম্পর্কে একটি সাধারণ ধারণা দেয় মাত্র। আপনি কে থেকে ৮ সকল গ্রেডের জন্য এই নির্দেশিকা এবং সকল বিষয় ও সকল গ্রেডের মান সম্পর্কিত পূর্ণাঙ্গ তথ্য আমাদের www.nyc.gov/schools/languages/bengali/academics ওয়েবসাইটে দেখতে ও ডাউনলোড করতে পারবেন।

আপনার সন্তানের শিক্ষা এবং আপনি কীভাবে বাড়িতে এবং স্কুলে উভয় স্থানেই এতে সহায়তা করতে পারেন সে-ব্যাপারে ডিভিশন অব টিচিং অ্যান্ড লার্নিং ও ফ্যামিলি এনগেজমেন্ট অ্যান্ড অ্যাডভোকেসি অফিস আরও নানা ধরনের পরামর্শ দিয়ে থাকে। আরও তথ্যের জন্য টিচিং অ্যান্ড লার্নিং এর ওয়েবসাইট www.nyc.gov/schools/languages/bengali/academics, এবং ওফিয়া ওয়েবসাইট www.nyc.gov/schools/languages/bengali/ofea দেখুন। আপনি আপনার স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরকে অথবা ওফিয়াকে (212) 374-2323 নম্বরে ফোন অথবা ofea@schools.nyc.gov. ঠিকানায় ই-মেইলে যোগাযোগ করতে পারেন। এছাড়া, আপনি 311 - এ ফোন করে আপনার সন্তানকে নিয়ে যাওয়ার মত সিটির অন্যান্য সাংস্কৃতিক এবং ঐতিহাসিক সংস্থার সন্ধানও নিতে পারেন।

NYC Department of Education
Joel I. Klein, Chancellor

DIAL 311

T&I-7924 5th (Bengali)